

স্মারক নং-৩৮.০১.২০০০.০০০.২৭.০০৮.২৩. ২৪৭

তারিখ: ২২ জানুয়ারি, ২০২৪

আদেশ

যেহেতু, জনাব অঞ্জু রানী ভৌমিক, প্রধান শিক্ষক (চলতি দায়িত্ব), যশপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৪ এর (২)(ঘ) উপবিধি মোতাবেক দুই বছরের জন্য 'বেতন গ্রেডের নিম্নতম ধাপে অবনমিতকরণ' লুঘুদন্ড প্রদান, বেতন অবনমিতকরণ কাল বার্ষিক বেতন বৃদ্ধির জন্য গণনা করা হবে না এবং বকেয়া পাপ্য হবেন না মর্মে লুঘুদন্ড প্রদান করা হয়।

যেহেতু, অভিযুক্ত প্রধান শিক্ষক (চলতি দায়িত্ব) জনাব অঞ্জু রানী ভৌমিক, প্রদত্ত রায়ের বিরুদ্ধে আপিলকারী কর্তৃপক্ষের নিকট নির্ধারিত সময়ের মধ্যে আপিল আবেদন দাখিল করেন; এবং

যেহেতু, আপিলকারী প্রধান শিক্ষক (চলতি দায়িত্ব) এর আপিল শুনানি ১০-০১-২০২৪ তারিখে গ্রহণ করা হয়; এবং

যেহেতু, আপিলকারী প্রধান শিক্ষক (চলতি দায়িত্ব) এর আপিল আবেদন, শুনানীতে প্রদত্ত বক্তব্য, বিভাগীয় মামলার প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি ও সার্বিক বিষয় পর্যালোচনায় এবং অভিযোগের গুরুত্ব বিবেচনায় প্রদত্ত দন্ড কিছুটা কঠোর।

সেহেতু, আপিলকারী জনাব অঞ্জু রানী ভৌমিক, প্রধান শিক্ষক (চলতি দায়িত্ব), সহকারী শিক্ষক, যশপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৪ এর (২)(খ) উপবিধি মোতাবেক ০১ টি বার্ষিক বেতন বৃদ্ধি ০১ (এক) বছরের জন্য স্থগিত করা হলো এবং বকেয়া প্রাপ্য হবে না দন্ড প্রদান করা হলো এবং জেলা প্রাথমিক শিক্ষা অফিস, কুমিল্লা এর ২৭-০৩-২০২৩ তারিখের ৩৮.০১.১৯০০.০০০.২৭.০১৯.২৩.৬৮২ নং স্মারকটি বাতিল করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

ড. মোঃ শফিকুল ইসলাম

বিভাগীয় উপপরিচালক

ফোন: ০২৩৩৩৩৫৫২৫৩

E-mail: ddchitt@gmail.com

স্মারক নং-৩৮.০১.২০০০.০০০.২৭.০০৮.২৩. ২৪৭/৩

তারিখ: ২২ জানুয়ারি, ২০২৪

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

১. মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
দৃষ্টি আকর্ষণ: সহকারী পরিচালক (পলিসি ও অপারেশন)
২. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কুমিল্লা।
৩. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
৪. উপজেলা শিক্ষা অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা (বর্ণিত শিক্ষকের চাকুরি খতিয়ান বহিতে আপিল আদেশটি লিপিবদ্ধকরণের অনুরোধ করা হলো)।
৫. জনাব অঞ্জু রানী ভৌমিক, প্রধান শিক্ষক (চলতি দায়িত্ব), যশপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
৬. সংরক্ষণ নথি।

ড. মোঃ শফিকুল ইসলাম
বিভাগীয় উপপরিচালক